

Alexian Brothers Health System, Ascension Illinois-এর সহযোগী প্রতিষ্ঠান নামে পরিচিত

Alexian Brothers Behavioral Health Hospital; Alexian Brothers Medical Center; Saint Joseph Hospital – Chicago; St. Alexius Medical Center; Employed physician practices.

আর্থিক সহায়তা নীতিমালার সারসংক্ষেপ

Alexian Brothers Health System, যা Ascension Illinois-এর সহযোগী প্রতিষ্ঠান নামে পরিচিত, উপরে তালিকাভুক্ত স্বাস্থ্য পরিষেবাগুলোসহ, প্রত্যেক ব্যক্তির মর্যাদার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ ও শ্রদ্ধাশীল; বিশেষ করে যারা স্বাস্থ্যসেবা প্রাপ্তিতে বাধার সম্মুখীন হন তাদের প্রতি তারা বিশেষভাবে উদ্বিগ্ন। Alexian Brothers Health System, যা Ascension Illinois-এর সহযোগী প্রতিষ্ঠান নামে পরিচিত, সমগ্র সম্প্রদায়ের সেবায় তার স্বাস্থ্যসেবা সম্পদ পরিচালনা করার জন্য সমানভাবে প্রতিশ্রুতিবদ্ধ। এই নীতিমালার সমর্থনে, Alexian Brothers Health System, যা Ascension Illinois-এর সহযোগী প্রতিষ্ঠান নামে পরিচিত, সেইসব নির্দিষ্ট ব্যক্তিদের আর্থিক সহায়তা প্রদান করে, যারা এই প্রতিষ্ঠান থেকে জরুরি বা অন্য কোনো চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় সেবা গ্রহণ করেন। এই সারসংক্ষেপে Alexian Brothers Health System, যা Ascension Illinois-এর সহযোগী প্রতিষ্ঠান নামে পরিচিত, এর আর্থিক সহায়তা নীতির একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হয়েছে।

কে যোগ্য?

আপনি ইলিনয়ের বাসিন্দা হলে আর্থিক সহায়তা পেতে পারেন। আর্থিক সহায়তা সাধারণত ফেডারেল দারিদ্র্য সীমার তুলনায় আপনার মোট পারিবারিক আয়ের উপর নির্ভর করে নির্ধারিত হয়।

- যদি আপনার আয় ফেডারেল দারিদ্র্য সীমার 250% এর কম বা সমান হয় তাহলে আপনি যে চার্জের জন্য দায়ী তার অংশের উপর 100% দাতব্য সেবা মওকুফ পেতে পারেন।
- যদি আপনার কোনো স্বাস্থ্যবীমা না থাকে এবং আপনার আয় ফেডারেল দারিদ্র্য সীমার 250% এর বেশি কিন্তু 600% এর বেশি না হয় তবে আপনি একটি পরিবর্তনশীল হারে ছাড় পেতে পারেন।
- আপনার যদি বীমা থাকে এবং আপনার আয় ফেডারেল দারিদ্র্য সীমার 250% এর বেশি কিন্তু 400% এর বেশি না হয়, তাহলে আপনি একটি পরিবর্তনশীল হারে ছাড় পেতে পারেন।
- জরুরি ও চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় চিকিৎসার জন্য আপনার দেনা যদি আপনার আয়ের 20% এর বেশি হয় তবে আপনি ছাড় পাওয়ার যোগ্য হতে পারেন।

আপনার সম্পদের পরিমাণ যদি ফেডারেল দারিদ্র্য সীমা আয়ের পরিমাণের 600% এর বেশি হয় তাহলে আপনি আর্থিক সহায়তার জন্য যোগ্য নাও হতে পারেন। যেসব রোগী আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য তাদের কাছ থেকে উপযুক্ত চিকিৎসার জন্য সাধারণত বীমাভুক্ত রোগীদের কাছ থেকে যে পরিমাণ অর্থ বিল করা হয় তার চেয়ে বেশি অর্থ নেওয়া হবে না।

কোন পরিষেবাগুলি আওতাভুক্ত?

আর্থিক সহায়তা নীতি জরুরি এবং অন্যান্য চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় সেবার ক্ষেত্রে প্রযোজ্য। এই শর্তাবলী আর্থিক সহায়তা নীতিতে সংজ্ঞায়িত করা হয়েছে। অন্য সমস্ত সেবা আর্থিক সহায়তা নীতির আওতাভুক্ত নয়।

